

COFUTURES

কোফিউচারস্ - সমসাময়িক বৈশ্বিক ভবিষ্যবাদ, কল্পবিজ্ঞান এবং ভবিষ্যবাদী চিন্তাভাবনা নিয়ে গবেষণা করার জন্য গঠিত একটি আন্তর্জাতিক গবেষকগোষ্ঠী। আমরা কল্পবিজ্ঞান, কল্পনাভিত্তিক চিন্তাভাবনা এবং ভবিষ্যবাদী বোধ ও কর্মপ্রণালী অবলম্বন করে গ্রহের বর্তমান চ্যালেঞ্জগুলির যেমন, জলবায়ু ও পরিবেশগত পরিবর্তন, প্রযুক্তিগত পরিবর্তন এবং জনতত্ত্ব-সংক্রান্ত পরিবর্তন ইত্যাদি সম্বন্ধে আলোকপাত করি।

কোফিউচারস্ বিশ্বাস করে যে ভাবীকাল সম্পর্কে সম্যকভাবে অবহিত হবার জন্য - তা সে মানবজাতির বা অন্য প্রজাতির বা প্রযুক্তিবিজ্ঞান প্রয়োগসম্পর্কিত অথবা গ্রহসংক্রান্ত বিষয়ই হোক - আমাদের এই পৃথিবীজুড়ে মানুষের ভবিষ্যবাদী চিন্তাভাবনার সঙ্গে পরিচিতি অত্যন্ত আবশ্যিক। গ্রহের নানাবিধ চ্যালেঞ্জগুলির মুখোমুখি হওয়ার জন্য স্থানীয় এবং বিশ্বকল্পচিত্রের মধ্যে সংযোগ বৃদ্ধি করাই আমাদের উদ্দেশ্য। UN Sustainable Developmental Goals (SDGs) উপলব্ধির জন্য আমরা একটি অনন্য কল্পনাভিত্তিক প্রত্যয়ের লেঙ্গ ব্যবহার করি, উদ্ভাবনের বিকল্প দৃষ্টিভঙ্গি, অপ্রচলিত ভবিষ্যবাদী দর্শনের অন্বেষণ করি এবং বিশেষত প্রান্তিক ও অকিঞ্চিৎকর হিসেবে গণ্য সম্প্রদায়ের দৃষ্টিকোণ থেকে পরিবেশসংক্রান্ত ন্যায়নীতিগত প্রশ্নের উত্তরের অনুসন্ধান করি।

কোফিউচারস্ অসলোতে অবস্থিত, কিন্তু বিশ্বব্যাপী বিভিন্ন সম্প্রদায়, গবেষকগোষ্ঠী এবং গবেষণাপ্রকল্পের নেটওয়ার্কগুলো জুড়েই কোফিউচারস্ কাজ করে। এটি বিভিন্ন ক্ষেত্রে তাত্ত্বিক গবেষণা, প্রযুক্তিগত গবেষণা, নীতিনির্ধারণকারী গবেষণা, এবং নান্দনিক গবেষণার সাথে জড়িত। এটি কথাসাহিত্য, চলচ্চিত্র এবং ভিডিও গেমস সহ বিভিন্ন transmedial নান্দনিক প্রকল্প প্রযোজনা করে বা তাতে সাহায্য করে।

বর্তমানে কোফিউচারস্-য়ের মুখ্য প্রকল্পগুলি:

1. *CoFUTURES: Pathways to Possible Presents (2020-2024)*। European Research Council-য়ের (ERC) অন্তর্গত European Union's Horizon 2020 research and innovation programme (grant agreement No. 852190) এই প্রকল্পটিকে আর্থিক সহায়তা দিয়েছে।
2. *Science Fictionality*: Norwegian Research Council-য়ের (NFR) অন্তর্গত FRIPRO-YRT scheme (No. 300931) এই প্রকল্পটিকে আর্থিক সহায়তা দিয়েছে।

বোধিসত্ত্ব চট্টোপাধ্যায় প্রকল্পদুটির প্রধান অন্বেষক। দুটি প্রকল্পই Department of Culture Studies and Oriental Languages, University of Oslo দ্বারা উপস্থাপিত। বিশদভাবে জানতে হলে এই ওয়েবসাইট দেখুন - <https://cofutures.org>

প্রধান অন্বেষক:

বোধিসত্ত্ব চট্টোপাধ্যায় কল্পবিজ্ঞান এবং সমসাময়িক ভবিষ্যবাদ নিয়ে গবেষক, অনুবাদক ও সম্পাদক হিসেবে কাজ করেন। তিনি মূলত কল্পবিজ্ঞানের উপর সাতটি বই লিখেছেন বা সম্পাদনা করেছেন। তিনি Routledge book series *Studies in Global Science Fiction*-য়ের সহ-প্রতিষ্ঠাতা এবং সহ-সম্পাদক। তিনি অসলো বিশ্ববিদ্যালয়ের Global Culture Studies বিষয়ের Associate Professor।

যোগাযোগ:

Bodhisattva Chattopadhyay

Address: Department of Culture Studies, University of Oslo, Postboks 1010 Blindern, 0315 Oslo, Norway

Email: bodhi@bodhisattvac.com

Website: <http://cofutures.org>

